দৈনিক
ইত্তেফাক

তারিখ: 17 JAN 2016
পৃষ্ঠা: ৫ কলাম: ৩

# নোয়াখালী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চার ছাত্রকে সাসপেণ্ড

## শিক্ষকদের সাথে অশালীন আচরণ

■ নোয়াখালী প্রতিনিধি

শিক্ষকদের সাথে অশালীন আচরণ ও ইভটিজিংয়ের অভিযোগে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চার ছাত্রকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। অভিযুক্ত চার ছাত্র হলো: অর্থনীতি বিভাগের ৯ম ব্যাচের অভিযুক্ত মো. মাহমুদুল হাসান (মামুন), এগ্রিকালচার বিভাগের ১০ম ব্যাচের খাইরুল বাশার বিপ্লব, এপ্লায়েড ম্যাথমেটিক্স বিভাগের ১০ম ব্যাচের শাহীন আলম স্বাধীন, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের ৯ম ব্যাচের সবুজ ইসলাম। এদেরকে সাময়িক বহিষ্কার ও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। বিভিন্ন সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের চার নারী শিক্ষক ক্যাম্পাসে পুকুর পাড়ে ঘুরতে এলে অভিযুক্তরা তাদের সাথে অশালীন আচরণ করে। ঘটনাটি কর্তৃপক্ষের কাছে জানানো হলে রাতেই ভিসি অধ্যাপক ড. অহিদুজ্জামান ঘটনার সাথে জড়িতদের বহিষ্কারের নির্দেশ দেন।

গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত সহকারী পরিচালক মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করা হয়েছে। এছাড়া অভিযুক্তদের স্থায়ীভাবে বহিষ্কার করতে আগামী সাতদিনের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে। এদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করতে প্রক্টরকে নির্দেশ দেয়া হয়।